7

THE BANGLADESH OBSERVER

তারিখ 11 JAN 1997
পৃষ্ঠা 2 কলাম 7

**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড**
**"পাঠ্যপুস্তক ভবন"**
**৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।**

বিজ্ঞপ্তি নং ঃ ৪ তারিখঃ ১০.০১.৯৭ইং

# "১৯৯৭ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তক সংক্রান্ত জরুরি প্রেস বিজ্ঞপ্তি"

এতদ্বারা ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ৬ষ্ঠ ও ৯ম-১০ম শ্রেণীর সকল পাঠ্যবই সংশোধিত ও পরিমার্জিত রূপে নতুন সংস্করণে নতুন প্রচ্ছদে এবং ৭ম ও ৮ম শ্রেণীর সকল বই পরিমার্জিত নতুন শিক্ষাক্রম অনুসারে নতুনভাবে প্রণয়ন করে প্রকাশিত হয়েছে। এতদবিষয়ে ঢাকা জেলার মহামান্য চতুর্থ সহকারী জজ আদালত কর্তৃক দেওয়ানী ২৫২/৯৬ নং মোকদ্দমা ০৯-০১-৯৭ ইং তারিখে ভ্যাকেট করায় ৬ষ্ঠ হতে ৯ম-১০ম শ্রেণীর সকল পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণের কার্যাদেশ প্রাপ্ত দরদাতাগণ বাজারজাতকরণ শুরু করেছে।

কোন এলাকায় বইয়ের সংকট সৃষ্টি হলে বোর্ড কর্তৃক নিয়োজিত এজেন্ট দ্বারা প্রয়োজনীয় বই বাজারজাত করা হবে।

৬ষ্ঠ এবং ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যবই সংশোধিত ও পরিমার্জিতরূপে নতুন সংস্করণে প্রকাশিত হওয়ায় নিম্নেবর্ণিত পরিবর্তনসমূহ লক্ষনীয়:

১. প্রতি বইয়ের ১ম চার পৃষ্ঠা ও ভিতরের আট পৃষ্ঠা রঙ্গিন কাগজে মুদ্রিত থাকবে।
২. প্রতিটি বই এর প্রচ্ছদ পরিবর্তন করা হয়েছে।
৩. প্রচ্ছদের শেষ পৃষ্ঠায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নাম ও মনোগ্রাম মুদ্রিত থাকবে।
৪. প্রচ্ছদের শেষ পৃষ্ঠায় "১৯৯৭ শিক্ষাবর্ষে সংশোধিত ও পরিমার্জিত" কথাগুলো মুদ্রিত থাকবে।

৬ষ্ঠ ও ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তক ক্রয় করার সময় উপরোক্ত বিষয়গুলো লক্ষ করার জন্য ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হল।

উল্লেখ্য, গত বারের তুলনায় এ বছর পাঠ্যপুস্তকের দাম কমেছে এবং এতে ছাত্রছাত্রী/অভিভাবকগণের সর্বোমোট প্রায় ১৩(তের) কোটি টাকা সাশ্রয় হবে।

(স্বাক্ষর) ১১/১/৯৭
(প্রফেসর মো: মফিজ উদ্দিন)
সদস্য (পাঠ্যপুস্তক)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

...ON AND STATISTICS
SHEET ___ OF ___ SHEETS
3. SYSTEM
4. DATE